



শ্রেণিঃ দ্বিতীয়

২য় পর্ব পরীক্ষা ২০২০

বিষয়ঃ বাংলা (আমাদের ছোট নদী)

লেখকচার শীট - ৩

- শিক্ষার্থীরা মূলশব্দ লিখবে।
- মূলশব্দের অর্থ বুঝবে।
- মূলশব্দ দিয়ে ছোট ছোট প্রশ্ন করা হবে ও শিক্ষার্থীরা প্রশ্ন বুঝে উত্তর দিবে।

**মূলশব্দ ও মূলশব্দের অর্থঃ**

ছোট নদী - ছোট আকারের নদী

বাঁকে বাঁকে - নদী যেখানে বাঁকা হয়ে যায়

বৈশাখ - বাংলা বছরের প্রথম মাস

হাঁটুজল - হাঁটু পর্যন্ত পানি

পার হয় - এক পাড় থেকে অন্য পাড়ে যাওয়া

ধার - নদীর ধার

ঢালু - নিচু

পাড়ি - পাড়

চিকচিক করে - চকচক করে জ্বলে ওঠে

কাশবন - কাশফুল এর বন

কিচিমিচি করে - পাখির আওয়াজ

শালিকের বাঁক - একসাথে অনেক পাখি

শিয়ালের হাঁক - শিয়ালের আওয়াজ

তীরে তীরে - নদীর পাড়

নাহিবার কালে - গোসলের সময়

নাওয়া হলে - গোসল শেষ হলে  
আঁচলে ছাঁকিয়া - শাড়ির আঁচলে ছেঁকে  
আষাঢ় - বাংলা বছরের তৃতীয় মাস  
বাদল নামে - বৃষ্টি হয়  
ভরো ভরো - ভর্তি হয়ে যাওয়া  
ছুটিয়া চলে - ছুটে চলে  
খরতর - প্রবল, অনেক বেশি  
দুই কূল - দুই পাড়  
সাড়া - শোরগোল বা আলোড়ন  
বরষার উৎসব - বর্ষা ঋতুর অনুষ্ঠান  
পাড়া - যেখানে একসাথে অনেক মানুষ বসবাস করে

### মূলশব্দ দিয়ে প্রশ্নঃ

- ১। ছোট নদী কীভাবে চলে? উত্তরঃ বাঁকে বাঁকে চলে।
- ২। কোন মাসে নদীতে হাঁটুজল থাকে? উত্তরঃ বৈশাখ মাসে।
- ৩। ছোট নদী দিয়ে কী পাড় হয়ে যায়? উত্তরঃ গরু ও গাড়ী।
- ৪। ছোট নদীর দুই ধার কেমন? উত্তরঃ উঁচু।
- ৫। ছোট নদীর পাড় কেমন? উত্তরঃ ঢালু।
- ৬। ছোট নদীর পাড়ে কী চিকচিক করে? উত্তরঃ বালি।
- ৭। ছোট নদীর এক ধারে কীসের বন? উত্তরঃ কাশবন।
- ৮। ছোট নদীর ধারে কাশবন দেখতে কেমন? উত্তরঃ সাদা।
- ৯। শালিকের ঝাঁক কেমন করে? উত্তরঃ কিচিমিচি করে।
- ১০। কখন শিয়ালের হাঁক শোনা যায়? উত্তরঃ রাতে।
- ১১। তীরে তীরে ছেলেমেয়েরা নাহিবার কালে কী করে?  
উত্তরঃ গামছায় জল ভরে গায়ে ঢালে।
- ১২। ছেলেমেয়েরা কীভাবে ছোট মাছ ধরে? উত্তরঃ আঁচলে ছাঁকিয়া

১৩। আষাঢ়ে কী নামে? উত্তরঃ বাদল নামে।

১৪। আষাঢ়ে নদী কেমন হয়ে যায়? উত্তরঃ ভরো ভরো।

১৫। খরতর নদীর ধারা কীভাবে চলে? উত্তরঃ মাতিয়া ছুটিয়া চলে।

১৬। কোথায় সাড়া পড়ে যায়? উত্তরঃ দুই কূলে বনে বনে।

১৭। পাড়া কেন জেগে ওঠে? উত্তরঃ বরষার উৎসবে।

- শিক্ষার্থীরা কবিতা থেকে যুক্তবর্ণ খুঁজে বের করবে ও দুইটি করে শব্দ তৈরি করার চেষ্টা করবে।

**যুক্তবর্ণঃ**

ন্দ্র = ন+দ+র ফলা - কেন্দ্র, ইন্দ্র

শিক্ষক -

শাহরিন সুলতানা